
**10th Edition**

# আস-সাফীর

**AS-SAFEER** مجلة السفير

**July 2023 | Muharram 1445**



UNITY HEIGHTS, MAIN ROAD, CHANDRANAGAR R/A
POLITECHNICAL, EAST NASIRABAD, BAIZID, CHATTOGRAM
+88 01821 602459
INFO@SAFEERACADEMY.ORG
WWW.SAFEERACADEMY.ORG

## প্রধান পৃষ্ঠপোষক

মোহাঃ হাবিবউল্লাহ বাহার
চেয়ারম্যান, সাফীর একাডেমি

## পৃষ্ঠপোষক

শাহাদাৎ হোসেন
ট্রেজারার, সাফীর একাডেমি

## উপদেষ্টা পরিষদ

প্রফেসর ড. গিয়াস উদ্দিন তালুকদার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রফেসর ড. অলি উল্লাহ
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

## প্রধান সম্পাদক

ড. আবুল কালাম আজাদ
প্রিন্সিপাল, সাফীর একাডেমি

## সম্পাদক

মুহাম্মদ নুরুল আলম মাদানী
শিক্ষক ও হেড অব হাবস, সাফীর একাডেমি

## সম্পাদনা উপদেষ্টা

আবিদুর রহমান
ভাইস প্রিন্সিপাল, সাফীর একাডেমি

## সম্পাদনা সহযোগী

কাজী জিশান মাহমুদ
মালিহা মুমতাজ
নাজিহা বিনতে নোমান
তাসলিমা আকতার

## প্রচ্ছদ ও ডিজাইন

ইফতেখার উদ্দীন ইফতু



# সম্পাদকীয়

## আমরা হব সাফীর!

আজকের বিশ্বে, যেখানে ধর্মীয় শিক্ষাকে প্রায়শ ভুল বোঝানো হয় বা ভুলভাবে উপস্থাপন করা হয় সেখানে সাফীরের ভূমিকা সর্বাধিক তাৎপর্য বহন করে।
সাফীর হলেন এম্বাসেডর অফ ইসলাম, যার জীবনটাই কোরআন ও সুন্নাহ দ্বারা বেষ্টিত ও আলোকিত। তার দৃষ্টিভঙ্গি অন্যদের থেকে আলাদা; কারণ সে তার জীবনের প্রতিটি পদক্ষেপ ও সিদ্ধান্ত কুরআন ও সুন্নাহর লেন্সে নেয় ইসলামের সুমহান সৌন্দর্য্যকে সে বিচক্ষণতার সাথে যুগের সাথে তাল মিলিয়ে প্রচার করে।

একজন সাফীর নিজেকে অন্যদের জন্যে রোল মডেল হিসেবে তৈরি করে। ফলে তার কথা ও কাজে মিল থাকে এবং প্রতিটি কাজ আল্লাহর সন্তুষ্টির জন্য করে। সে কোরআনকে একান্ত আপন বন্ধু হিসেবে নেয়। কোরআন থেকেই জীবনের সমস্যার সমাধান খোঁজে। সে জানে- কেন সে পৃথিবীতে এসেছে। সে জানে তাঁকে একজন প্রতিনিধি হিসেবে নিঃস্বার্থভাবে মানবজাতির খেদমতে নিয়োজিত হবে।

একজন সাফীরের রয়েছে প্রচন্ড সাহস। কারণ সে জানে সে যে যুগে এসেছে, তার ভাষা বুঝে অন্যের কাছে তাকে সত্যকে পৌঁছে দিতে হবে এবং অন্যায়ের প্রতিবাদ করতে হবে।
সে দুনিয়া বা আখেরাত দুটোতেই সফল হতে চায় ,তাই নিজেকে যোগ্যতা সম্পন্ন রূপে তৈরি করে সে জানে আখেরাতের সফলতায় মূল সফলতা ,তাই সে সবাইকে নিয়ে যেতে চাই জান্নাতের পানে।

আসুন, আমরা সবাই কোরআনের ভাষা শিখে, কোরআন থেকে সরাসরি শিখে নিজেদেরকে গড়ে তুলে আল্লাহর, কোরআনের, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম) ও সুন্নাতের দূত হিসাবে তৈরী করি।

এ জন্যে রয়েছে আমাদের সাফীর গ্রুপের অনেক প্রতিষ্ঠান, যার অন্যতম হলো চট্টগ্রামের সাফীর একাডেমি, বৃটিশ কারিকুলামের ইসলামিক প্রাইমারি ও সেকেন্ডারী একাডেমি।

ড. আবুল কালাম আজাদ
প্রিন্সিপাল, সাফীর একাডেমি

# Table of Contents


| Table of Contents | Page No. |
|---|---|
| সম্পাদকীয় | 02 |
| - Embracing Islamic Values: The Pillar of Safeer Academy<br>Abid Ur Rahman | 04 |
| - المرأة في نظر الإسلام و دورها التعليمي في بناء الأسرة و المجتمع<br>محمد نور العالم المدني | 06 |
| - الغني و الفقير<br>مارية فاروق | 09 |
| - একজন সাফীরের দায়িত্ব ও কর্তব্য<br>মোহাম্মদ রইসুল ইসলাম | 10 |
| - হেরা গুহার অতিথি<br>মোহাম্মদ লোকমান হাকিম | 14 |
| - সাফীর<br>তানজিনা শাহনাজ | 15 |
| - প্রার্থনা<br>লিমা খান | 16 |
| - স্নিগ্ধ ভালবাসা<br>মোঃ ফরহাদ আলম | 17 |
| **Students' Writings** | 18 |
| - Bangladesh<br>Zain Huda Abdullah | 19 |
| - My feelings about the competitions at Safeer Academy<br>Sumaiya Tasnim | 20 |
| - The King and the Monkey<br>Homaira Afifa Tasnin | 21 |
| - আল্লাহ<br>আব্দুল জাওয়াদ | 21 |
| - কুরআন<br>এস এম আবরার রশীদ সামীন | 22 |
| **Students' Drawings** | 23 |

# Embracing Islamic Values: The Pillar of Safeer Academy

Abid Ur Rahman,
Vice Principal, Safeer Academy



Assalamu Alaikum Warahmatullahi Wabarakatuhu.

Dear readers!

Alhumdulillah, Safeer Academy, is a place of knowledge and spiritual enlightenment. In a world increasingly driven by material pursuits and societal pressures, Safeer Academy stands as an oasis of Islamic principles, nurturing young minds to flourish in both the worldly and spiritual realms. Our foundation is rooted in the teachings of the Qur'an and the traditions of our beloved Prophet Muhammad (peace be upon him).

At Safeer Academy, we believe that the pursuit of knowledge is a fundamental tenet of Islam. Our British curriculum, combined with a Quran-centric, research-based approach, fosters a love for learning and critical thinking. This methodology instills in our students the curiosity to explore the wonders of the world while grounding them in the wisdom of the Qur'an.

Character development holds a special place in our hearts. The Prophet Muhammad (peace be upon him) exemplified the highest moral and ethical standards, and we strive to inculcate these qualities in our students. Through character education programs, we focus on nurturing kindness, empathy, and compassion, molding our students into righteous leaders and compassionate individuals.

One of our key pillars is parent and community involvement. Islam places immense emphasis on the role of parents as the primary educators of children. As we join hands with parents and stakeholders, we form a cohesive unit, guiding our students towards success in this world and the Hereafter.

Islamic history is replete with examples of scholarly contributions and scientific advancements. In light of this legacy, we encourage our students to excel academically while understanding that knowledge is a means to serve Allah and benefit humanity.

At Safeer Academy, we firmly believe that our teachers are the torchbearers of this noble mission. Their passion for both education and faith inspires our

students, shaping their understanding of Islam beyond the boundaries of textbooks.

As we move forward, we remain committed to continuous improvement. We seek Allah's guidance in refining our approach, aligning it even more closely with the teachings of Islam. It is our sincere prayer that Safeer Academy continues to be a beacon of knowledge, love, and compassion, cultivating the next generation of Muslim leaders who will positively impact the world.

May Allah (SWT) bless us all in our endeavours, and may Safeer Academy always remain a sanctuary of Islamic values and academic excellence.



## المرأة في نظر الإسلام و دورها التعليمي في بناء الأسرة و المجتمع

محمد نور العالم المدني

كانت المرأة في الجاهلية عبارة عن سلعة رخيصة للبيع والاستمتاع، كانت تدفن - وهي حية - وكانت محرومة من حقوقها الإنسانية و الأسرية و الاجتماعية، إلا أن الإسلام جاء و كرّم المرأة و رفع من مكانتها و أعاد إليها جميع حقوقها المسلوبة، و ساوى بينها و بين الرجل في الحقوق و الواجبات حسب طبيعتها في القوة و الأداء و الكيفية، إذ مكنها في أعمال بناء الأسرة و المجتمع بكل ما يلزم و يساعد في ذلك.

و من أهم و أبرز أعمال البناء هو تعليم المرأة و تعليمها لأجيالها، و كان تعليم الإسلام للمرأة أول ثورة في التاريخ لتحريرها من الظلم و الظلمات، بل جعل الإسلام مشاركة المرأة في التعليم و التربية شرطا رئيسا و أساسا متينا للنجاح في الحياة البشرية إذ يقول الله تعالى: ﴿اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ- خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ - اقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ - الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ ﴾. [1]

والقرآن الكريم إذا خاطب بصيغة المخاطَب شمل شطريه الذكر و الأنثى، وهذا أسلوب التعبير في كتاب الله الحكيم. و الإسلام رفع شأن المتعلمين و المتعلمات حيث يقول سبحانه: ﴿ يَرْفَعِ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ﴾ [2]. و كان النبي ﷺ يعلم النساء في أماكن مخصصة و في أوقات مخصصة و يحث على تعليم النساء و يأمرهن بذلك، وقد ورد فيما رواه أبو داود عن الشفاء رضي الله عنها قالت:(دخل علينا النبي صلى الله عليه و سلم و أنا عند حفصة رضي الله عنها فقال لي: ألا تعلمين هذه - يريد حفصة - كما علمتها الكتابة).[3]

و دور المرأة في التعليم كمعلمة و متعلمة من أهم المهمات و أول الواجبات لتكوين أسرة ناجحة؛ لأن الأسرة إحدى المؤسسات التربوية الدائمة التي لا تنفك أبدًا، إذ لا وجود للأسرة إلا وراءه امرأة، و لا يتصور مجتمع بدون أسرة.

و لا يمكن للأسرة أن تكون ناجحة إلا بالتعليم و التربية، كيفما يكن دور المرأة في التعليم و التربية يكن أفراد الأسرة في القيم و الأخلاق و الأفكار و الوعي و الديانة يقول النبي ﷺ: (كل مولود يولد على الفطرة فأبواه يهودانه أو ينصرانه أو يمجسانه)[4] .

و تكوين أسرة ناجحة ليس أمرا هينا، بل إنجاحها عمل تعليم و تربية، يحتاج لما تحتاج له دولة من تحديد الأهداف و حسن التخطيط و التنظيم و الإدارة و الاقتصاد و الرقابة و التشاور، و القدرة على التنمية و التطوير و العمل الجماعي و حسن الاختيار و التكيف مع الظروف و الحداثة و التعامل مع المعوقات و التواصل مع الآخرين. لذلك جاءت تشريعات الإسلام كلها لتنظيم الأسرة و حمايتها من التفكك، لأن الأسرة مكان نشوء الأجيال. و على قدر ما تكون الأسرة من التعليم و التربية يكون مستقبل المجتمع.

### و يتمثل دور المرأة بالتعليم في بناء الأسرة و المجتمع في النقاط الآتية:

**الأمومة الناجحة في التربية و التعليم:** الأمومة دورها كبير و أوسع من مجرد الإنجاب، لكون الأم مربية الأجيال - وراء كل عظيم امرأة تربيه في حجرها- و لكونها تتحمل مسؤولية تربية أبنائها الذين

هم جزء لا يتجزأ من بنيان هذا المجتمع يقول ﷺ : ( كلكم راع و كلكم مسؤول عن رعيته، و المرأة راعية في بيت زوجها و مسؤولة عن رعيتها) [5] .
ولله در قول حافظ إبراهيم في أمومتها:

الأمُّ مدرسةٌ إذا أعدَدْتَها * أعدَدْتَ شَعبًا طيِّبَ الأعراقِ.

وبدور الأمومة المثالية يمكن إعداد و تنمية شخصية الأبناء و إكسابهم القيم الأخلاقية في ظل جو أسري آمن و متضامن مع بعضه البعض .

**التوعية و الحماية:** بتعليم المرأة يمكن حماية أبناء الأسرة من الانحراف الفكري و الجسدي كما يمكن تعزيز روح التعاون و المحبة و التكافل الاجتماعي بين أفراد الأسرة بشكل خاص، و بين أفراد المجتمع بشكل عام بالإضافة إلى قيادتها إياهم إلى الخير و السعادة و النجاح، و إلى الأخلاق النبيلة و الأهداف السامية.

**العناية الصحية الجيدة:** إن تعليم المرأة يعد دورا كبيرا في العناية الجيدة بصحة الأبناء، ويساهم تعليم المرأة في مساندتها، لاختيار أفضل العناصر الغذائية التي يكون لها دور فعال في الوقاية من الأمراض إضافة إلى محافظتها على نظافة أبنائها، وتعليمها إياهم أساسيات الحياة الصحية.

**القدرة على حسن التخطيط و الإدارة:** إن المرأة المتعلمة المثقفة تستطيع إعداد خطة مناسبة وملائمة لإيصال الأسرة إلى الغاية المنشودة من النجاح، وبدون حسن إدارة و تخطيط لا يمكن ذلك .

**و من دور المرأة بالتعليم في بناء الأسرة و المجتمع:** القدرة على التنمية و التطوير - حسن إدارة الأوقات - القدرة على التعامل مع المعوقات - الاستمرارية في الرقابة - معرفة نقاط القوة و الضعف - القدرة على حسن الاختيار - القدرة على التكيف و المواكبة مع الظروف و الحداثة - اتخاذ القرار على علم و بصيرة و معلومات . و هذه النقاط ليست قليلة الأهمية، بل كلها تحتاجها المرأة للقيام بدورها الناجح الفعال في تكوين أسرة متعلمة صالحة نموذجية ناجحة في المجتمع، و إنما ترك تفصيل هذه النقاط لضيق المقام.

**نموزج لبعض المرأة المتفوقة على التعليم والتربية:**

هذه عائشة أم المؤمنين رضي الله عنها كانت حريصة على التعليم و التعلم، فتعلمت من معلم الناس الخير و علمت الأمة جمعاء، بل هي من أكثر رواة الحديث، و كانت عائشة تحث و تثني على جرأة المرأة و حرصها على التعليم و التعلم، جاء فيما رواه البخاري ومسلم عن عائشة رضي الله عنها: (نعم النساء نساء الأنصار لم يكن يمنعهن الحياء أن يتفقهن في الدين). [6]

و هذه زبيدة زوجة هارون الرّشيد عرفت بعلمها، و برزت في الإسلام، و تعد من الفقيهات الشّاعرات الأديبات. و هذه كريمة بنت محمد المروزيّة جاورت بمكّة، و روت صحيح البخاري، و كانت من نابغات زمانها في الفهم والنّباهة، و قد رحل إليها أفاضل العلماء، و هذه زينب بنت أبي القاسم كانت عالمة زمانها، أدركت جماعة من أفاضل العلماء و أخذت عنهم، بل المرأة العالمة خير من الرجل الجاهل تصديقا لقوله تعالى في سورة الزمر: ﴿قل هل يستوي الذين يعلمون والذين لا يعلمون﴾. [7]

إن تعليم المرأة في الإسلام واجب ديني، و دورها في نشره في الأسرة و المجتمع مطلب شرعي، لذا يحث الإسلام دائما على تعليم المرأة، و يؤكد على قيامها بدورها في نشره لإعداد أجيال متعلمة

صالحة و ناجحة في الأسرة و المجتمع، بل تعليمها طريق لسهولة الوصول إلى الجنة، ورد فيما رواه الترمذي عن أبي الدرداء رضي الله عنه قال: سمعت رسول الله ﷺ يقول: (من سلك طريقا يلتمس فيه علما سهل الله له به طريقا إلى الجنة). [8]
ومن البشارات السارة أن أولياء أمور المرأة لهم أجر زائد في تعليمهم إياها، فعن أبي بردة عن أبيه عن رسول الله ﷺ قال: ثلاثة لهم أجران:... (ومنهم) و رجل عنده أمة فأدبها فأحسن تأديبها و علمها فأحسن تعليمها ثم أعتقها فتزوجها فله أجران). [9]
فإن كانت البشارة بحق الأمة فإن بناتنا و أخواتنا و زوجاتنا أحرى أولى بحق التعليم و نشره.

تعالوا أيها القارئ نعمل من أجل تقديم أفضل خدمات تعليمية متطورة للمرأة بنتا و أختا و زوجة و أما، ولإتاحة فرصة كافية للمعلمات منهن لنشر التعليم الصحيح على أكمل وجه في الأسرة و المجتمع على المستوى المحلي و الإقليمي و الدولي، و نسأل الله تعلى التوفيق و السداد، إنه ولي التوفيق.

---

**المراجع:**


[1] العلق: 1- 4
[2] المجادلة: 11
[3] أبو داود، سليمان بن الأشعث السجستاني (٢٠٢-٢٠٥) ، رقم الحديث: (٣٨٨٧)
[4] الإمام البخاري، محمد بن إسماعيل البخاري (١٩٤-٢٥٦)، صحيح البخاري، رقم الحديث: (١٣٥٨)
[5] الإمام البخاري، محمد بن إسماعيل البخاري (١٩٤-٢٥٦)، صحيح البخاري، رقم الحديث: (٢٥٥٤)
[6] متفق عليه
[7] الزمر: 9
[8] أبو عيسى الترمذي، محمد بن عيسى بن سورة بن موسى الترمذي (٢٠٩-٢٧٩)، سنن الترمذي، رقم الحديث: (٢٦٤٦)
[9] الإمام البخاري، محمد بن إسماعيل البخاري (١٩٤-٢٥٦)، صحيح البخاري، رقم الحديث:(٣٤٤٦)



*الكاتب: أستاذ و ريئس قسم Hubs
أكاديمية السفير
خطيب:
المسجد الجامع بمنطقة شابلا السكنية
هاليشهر، شيتاغونغ

# الغني والفقير

مارية فاروق

الغني والفقير هما مخلوق الواحد
خلقهما من شيام واحد
يمتحن أحدا منهم بثروات النعم
و الآخر بالشاكلة والغم
عندي!
ليس الفقير من ليس له دينار
بل الفقير من لديه الكل وقلبه إقتار
لم يفقد حاجته، بحث على الإدخار
هو يجمع الثروات طول الحياة
لا يرضي بما عنده، يلتمس الباقيات
!!هل تعلم
الفقير ولو كان بئيسا عند الناس
ولكنه عند ربه في مقام كريم
أريد بقلبي
كنت أمجد عند الغفار
لا عند البشر.

# একজন সাফীরের দায়িত্ব ও কর্তব্য

মোহাম্মদ রইসুল ইসলাম
শিক্ষক, সাফীর একাডেমি

সাফীর শব্দের আভিধানিক অর্থ এম্বাসেডর বা প্রতিনিধি। এখানে সাফীর বলতে বুঝানো হয়েছে কুরআন এবং হাদিসের প্রতিনিধি। সাফীর যিনি হবেন তিনি প্রত্যেকটা মানুষকে কুরআন এবং হাদিসের আলোকে আল্লাহ তা'আলার দিকে ডাকবেন। একজন সাফীর ইলম, আদব ও আখলাকের দ্বারা মানুষকে ইসলামের পথে আসতে উৎসাহিত করবেন

কুরআন ও হাদিসের একজন সাফীর কখনো বিধর্মীদের সংস্কৃতি ও অনুষ্ঠানের দ্বারা প্রভাবিত হইতে পারে না। আজ থেকে প্রায় ১৪০০ বছর আগেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সতর্ক করে গেছেন এই বলে যে, "শীঘ্রই আমার উম্মতের কিছু লোক মূর্তিপূজা করবে এবং কিছু লোক মূর্তিপূজারীদের সাথে মিশে যাবে।"[সুনান ইবনে মাযা: ৩৯৫২]

সাহাবি উমর রাদিয়াল্লাহু আনহু সাবধান করে বলেছেন, "তোমরা মুশরিকদের (যারা মূর্তি বা অন্য কিছুকে আল্লাহর সাথে শরিক করে) উৎসবের দিনগুলোতে তাদের উপাসনালয়ে প্রবেশ করো না। কারণ তখন তাদের ওপর আল্লাহর গজব অবতীর্ণ হতে থাকে।" [বায়হাকি, সুনানুল কুবরা: ১৮২৮৮]

সাবধান প্রিয় শিক্ষার্থীরা! বিধর্মীদের অনুষ্ঠানে গিয়ে নিজের ঈমানকে সংশয়ে ফেলবেন না। আল্লাহ তা'আলার ক্রোধের শিকার হওয়া থেকে বেঁচে থাকুন। শিরকের গুনাহ আল্লাহ্ ক্ষমা করেন না। একজন মুসলিম কীভাবে শিরকের সবচেয়ে জাঁকজমকপূর্ণ আয়োজন উপভোগ করতে পারে?

যে নবি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সারাজীবন মূর্তিপূজার বিরুদ্ধে কথা বলেছেন, যে জন্য এত নির্যাতিত হয়েছেন, তাঁর উম্মত হয়ে কীভাবে আমরা সেই পূজায় গিয়ে আনন্দ করতে পারি?

বিধর্মীদের অনুষ্ঠানে অংশগ্রহণ করার ব্যাপারে ইমামগণ বিভিন্ন ফতোয়া প্রদান করেছেন।

হানাফি ফকিহ ইমাম আবু হাফস আল কাবির রহিমাহুল্লাহ বলেন, 'যদি কোনো ব্যক্তি পঞ্চাশ বছর আল্লাহর ইবাদত করে, অতঃপর সে যদি মুশরিকদের উৎসবের সময় সেই দিনকে সম্মান প্রদর্শনপূর্বক কোন মুশরিককে কিছু উপহার দেয়, তবে সে কুফরি করেছে এবং নিজের সমস্ত আমল ধ্বংস করেছে।' [হাসকাফি, দুররুল মুখতার: ৬/৭৪৫]

ভালোভাবে জেনে রাখুন, 'ধর্ম যার যার, উৎসব সবার' বাক্যটি কুফরি। এই ধরণের কথা বলা ইসলামের মূলনীতি, চেতনা ও আদর্শের সাথে সাংঘর্ষিক। ধর্ম যার, উৎসবও তার। অতএব, পূজায় অংশ নেওয়া যাবে না, পূজা দেখতে যাওয়া যাবে না এবং পূজা উপলক্ষে শুভেচ্ছা বিনিময় করা যাবে না।

আমরা কাউকে তার নিজ ধর্ম পালনে বাধা দেবো না, আবার নিজেদের বাদে অন্যদের ধর্মীয় অনুষ্ঠানে অংশও নেবো না। হিন্দু সম্প্রদায় বা কোনো অমুসলিমের সাথে সদাচরণ করা, তাদের বিপদে পাশে দাঁড়ানো, তাদের সাথে লেনদেন করা— এগুলো ইসলাম বৈধ ঘোষণা করেছে। কিন্তু কোনোভাবেই ধর্মীয় ব্যাপারে তাদের সাথে মেশা যাবে না।

এজন্য আমরা এখন একটা বাস্তব ইতিহাস জানবো। এ ঘটনা সম্ভবত ১৯২৪ এর দিকে, যখন ব্রিটিশরা উপমহাদেশ শাসন করছিল। সে বৎসর রোজা হয়েছিল প্রচণ্ড গরমের মধ্যে, মে মাসে। আর দিল্লির মত জায়গায় গরমের যে তীব্রতা, তা বোধহয় উপমহাদেশীয় কাউকে বলার প্রয়োজন হবে না।

লে কর্নেল রিচার্ড রিড, ব্রিটিশ আর্মির একজন অফিসার হিসেবে প্রায় দুই দশকের মত ভারতে কর্মরত। দিল্লি ক্যান্টনমেন্টে পোস্টেড। অলস দুপুরে নিজের অফিসে বসে ঘামছেন। সামনে বিরাট এক প্যারেড গ্রাউন্ড দেখা যাচ্ছে, সেদিকেই মাঝে মাঝে তাকিয়ে দেখছেন, আবার টেবিলের ওপরে রাখা ফাইলটার ওপরে একটু একটু করে নজরও বুলিয়ে নিচ্ছেন। আসলে তিনি কোন কাজেই মন বসাতে পারছেন না। একে তো গরম, আর তার ওপরে সেই সকাল থেকে একটা বিষয় দেখে তিনি ভেতরে ভেতরে কিছুটা আগ্রহ নিয়েই বার বার তাকাচ্ছেন, সামনের ঐ প্যারেড গ্রাউন্ডটার দিকে।

মে মাসের প্রচণ্ড রোদের মধ্যে এক ভারতীয় সৈনিক, মিলিটারি পোষাক, গাঁয়ে একটা মিলিটারি গেঞ্জি, পিঠে মাঝারি সাইজের একটা বস্তা নিয়ে প্যারেড গ্রান্ডটার এদিক-সেদিক দৌড়াচ্ছে। পেছনে পেছনে যাচ্ছে এক শিখ সুবেদার। বোঝাই যায়, কোন কারণে সৈনিকটির শাস্তি হয়েছে, মিলিটারি মার্শাল কোর্টে শাস্তি হিসেবে প্রাপ্ত দণ্ড খাটছে সে।

সেই সকাল থেকে প্রায় কুড়ি কেজি বালু ভর্তি একটা বস্তা পিঠে নিয়ে পুরো প্যারেড গ্রাউন্ডটার এদিক থেকে ওদিক। দৌড়াতে দৌড়াতে ক্লান্ত হলে বা গতি একটু শ্লথ হলেই পেছন থেকে সেই শিখ সুবেদারটা সৈনিকের প্রতি হাঁক মেরে উঠছে, কখনো কখনো বা হাতের ছড়িটা দিয়ে পায়ের পেছনটায় একটা আঘাতও করছে।

প্রতি ঘণ্টায় পনেরো মিনিটের মত বিরতি দেয়া হচ্ছে। সেই বিরতির সময়টুকু লোকটা হাঁপাতে হাঁপাতে গিয়ে গ্রাউন্ড মাঠের শেষ মাথায় একটা বড় গাছের নীচের টিউব ওয়েলের কাছে চলে যাচ্ছেন। কল চেপে পানি দিয়ে হাত মুখ ধুচ্ছেন, কুলি করছেন। এরপরে পাশে শুকনো ঘাসের ওপরে বসে জিহ্বা বের করে হাঁপাচ্ছেন। আর কখনো বা বসে, আবার কখনও দাঁড়িয়ে দাঁড়িয়ে সালাত পড়ছে। ইন্ডিয়ান মোহামেডানদের তিনি সালাত পড়তে দেখেছেন। ক্যান্টনমেন্টের ভেতরেই ছোট একটা টিনের ছাউনি বিশিষ্ট মসজিদও আছ। সেখানেও মোহামেডান সৈন্যরা সালাত পড়ছে। তা হলে লোকটা মুসলমান!

বিরতির সময় শেষে ওই সুবেদার তার উদ্দেশ্যে বাঁশি বাজায়। তখন লোকটি আবারও উঠে দাঁড়ায়। পিঠে তুলে নেয় বালির বস্তাটা। আবার শুরু হয় তার দৌড়ানো। এভাবে সেই সকাল থেকেই দেখছেন কর্নেল রিড। দুপুরের দিকে আরেকটা বিষয় দেখে তার উৎসাহ আরও বেড়ে গেল। দুপুরে খাবারের বিরতিতে লোকটা সেই কলের কাছে গিয়ে হাত মুখ ধুয়ে নিল বটে, তবে এবারে সে বসলো না।বরং ওই গাছের ছায়ায় দাঁড়িয়ে গেল, সালাতে।

এভাবে প্রায় সারাটা দিনই চললো। বেলা প্রায় সাড়ে তিনটার আগে তার সাজা খাটা শেষ হলে শিখ সুবেদারটা চলে গেল। আর লোকটা গিয়ে কলের পাশে বসে হাঁপাতে লাগলো। কিছুক্ষণ পরে উঠে হাত মুখ ধুয়ে, কুলি করে আবারও এসে গাছের ছায়ায় বসলো।

আহ! লোকটা এই প্রচণ্ড গরমে আসলেই ক্লান্ত হয়ে পড়েছে- কর্নেল রিডের মনের কোথায় যেন একটু মায়া হলো। তিনি তার আর্দালিকে ডেকে হাতের ইশারায় লোকটাকে দেখিয়ে তাকে ডেকে আনার নির্দেশ দিলেন।

আর্দালির মুখে কর্নেল রিডের ডাক শুনে বেচারার গলা শুকিয়ে গেল যেন! কর্নেল রিড একজন অতি উচ্চপদস্থ সিনিয়র অফিসার। তা ছাড়া একজন কড়া ও রাশভারী অফিসার হিসেবে সবাই তাকে চেনে। যমের মতো ভয়ও করে।

ভয় আর আতঙ্ক মেশানো ক্লান্ত শরীর নিয়ে সৈনিকটি এসে দাঁড়ালো কর্নেল রিডের সামনে। রিড তাকে আপাদমস্তক একবার খুব ভালো করে দেখে নিলেন। তার নাম, ইউনিট ইত্যাদি জেনে নিয়ে শেষে জানতে চাইলেন, অপরাধটা কী ছিল? কেন তাকে সাজা খাটতে হলো?

কর্নেল রিডের প্রশ্নের উত্তরে সৈনিকটা বলতে বাধ্য হলো তার নাম, মির্জা আসিফ বেগ। একজন সাধারণ সৈনিক। আজ পর পর দুই দিন তার অফিসে আসতে দেরি হয়েছে। এর আগেও তাকে সতর্ক করা হয়েছে। আজও দেরি হয়েছে তার। এ কারণেই তাকে এই শাস্তি দেয়া হয়েছে।

কর্নেল জানতে চাইলেন দেরি হবার কারণ কী? আসিফ বেগ জানালেন, তার স্ত্রী গর্ভবতী। সন্তান প্রসবের সময় একেবারে ঘনিয়ে এসেছে। তদুপরি আজ দু'দিন ধরে তার চার বৎসর বয়সী ছোট ছেলেটাও অসুস্থ। সেই ছেলেটার জন্য কবিরাজ ডাকতে গিয়েছিল খুব ভোরে উঠে। সেই কবিরাজকে বাড়িতে ছেলের কাছে পৌঁছে দিয়ে অফিসে আসতে তার দেরি হয়ে গেছে।

কর্নেল রিড শুনলেন। তবে কিছু বললেন না। কিছুক্ষণ চুপ থেকে আবার জানতে চাইলেন- দুপুরের খাবারের বিরতিতে তিনি মেসে গেলেন না কেন? উত্তরে আসিফ বেগ জানালেন, তিনি রোযাদার। তখন রিড সাহেবের মনে পড়লো, এটা তো মুসলমানদের রমজান মাস চলছে। এই জন্যেই বুঝি তুমি বার বার সালাতে দাঁড়াচ্ছিলে? কর্নেলের প্রশ্ন।

স্যার, আমার ফরজ সালাত হয়েছিল কিন্তু তার পরেও সালাত পড়ছিলাম। কারণ এ-তো রমজান মাস।তা ছাড়া আমার ছেলেটা অসুস্থ। আল্লাহর কাছে ওর সুস্থতা চেয়ে দোয়া করছিলাম।

শেষের কথাটা শুনে কর্নেলের চোখ দুটো যেন বড় হয়ে গেল। ছোটকালে বাবা মারা গেছে। বাবার মুখটা ঠিকমত মনেও নেই তার। এসব চেপে ধরে বার বার ঢোক গিলতে থাকা আসিফ বেগের দিকে চেয়ে বলে উঠলেন, তোমার গলা দিয়ে তো আওয়াজই বের হচ্ছে না। এ গরমে খাবার খেলে না, রোযা আছো। কাল আবার ঠিকমত অফিসে আসতে পারবে তো?

আসিফ বেগ কোন কথা না বলে চুপ করে মাটির দিকে চেয়ে রইলো। তাকে চুপ করে দাঁড়িয়ে থাকতে দেখে কর্নেল রিড আবার বলে উঠলেন- খাবার না খাও, তবে তুমি যখন বার বার হাত-মুখ ধুচ্ছিলে তখন সামান্য একটু পানি মুখে দিলে কী হতো? গলাটা একটু ভিজিয়ে নিলেই তো পারতে।

স্যার, আমি রোজাটা ভাঙ্গতে চাচ্ছি না। এক ফোঁটা পানি হয়তো কুলি করার ছলে গিলে নিতে পারতাম, কিন্তু আল্লাহর কাছে তো লুকাতে পারতাম না। তিনি তো সবই দেখছেন!
কর্নেলের মুখে কোন কথা নেই। হাতের ইশারায় আসিফ বেগকে যেতে বললেন। আসিফ বেগ একটা স্যালুট ঠুকে হাঁটা দিল।

গেল ক'দিন কর্নেল রিডের কেন যেন মন ভালো নেই। চুপ চাপ সময় কাটাচ্ছেন তিনি। অফিসার্স ক্লাবেও যাচ্ছেন না। অফিসে আসেন। কাজ সেরে নীরবে বের হয়ে যান। তাকে সবাই রাশভারী বলেই জানে। কিন্তু

তাই বলে তিনি এতটা অসামাজিক কখনই ছিলেন না যে, বিকেলে অফিসার্স ক্লাবের আসরটাও মিস করবেন। কী যে হয়েছে রিড সাহেবের, সেটা তার কাছের মানুষগুলোও বুঝে উঠতে পারছে না!

শুক্রবারের দুপুর, ক্যান্টমেন্টের মধ্যে টিনের ছাউনীওয়ালা অস্থায়ী মসজিদটায় জুমার সালাতের জন্য এক এক করে মুসল্লিরা এসে হাজির হচ্ছে। এখনও খুতবা শুরু হয়নি। ঠিক এমন সময়ে একটা সাদা পাঞ্জাবী, মাথায় একটা জিন্নাহ ক্যাপ পরে লাল গাত্রবর্ণের একজন লম্বা ইংরেজ এসে ঢুকলেন। মুসল্লিদের চোখ সেদিকে পড়তেই তারা বিস্ময়ে হতবাক হয়ে পড়ল! ইনি তো কর্নেল রিড!

কর্নেল রিডকে দেখে ইমাম সাহেব এগিয়ে এলেন, তার হাত ধরে নিয়ে সামনে বসালেন। কারো বুঝতে বাকি নেই রিড সাহেব কেন এ সময়ে মসজিদে। এ পোশাকে কেন তিনি হাজির। তারপরেও রিড সাহেব নিজমুখে ইমামকে অনুরোধ করলেন, 'আমাকে কালিমা-শাহাদাত পড়ান'। রিড সাহেব সেদিন সবার সম্মুখে কালিমা পড়ে মুসলমান হলেন। ছোট্ট মসজিদ-ভরা মুসল্লিরা আবেগে হেঁকে উঠলো আল্লাহু আকবর!

ইমাম সাহেবের অনুরোধে রিড সাহেব সেদিন দুটো উপস্থিত মুসল্লিদের উদ্দেশ্যে বলেছিলেন, 'যে দর্শন আর শিক্ষা গোপনে, নিভৃতে, সবার অগোচরে আল্লাহকে ভয় করতে শেখায় সেই দর্শনের কাছে আত্মসমর্পণ না করাটা নিছক বোকামি! তিনি এই বোকাদের দলে থাকতে চান না বলেই আল্লাহর কাছে আত্মসমর্পণ করতে এসেছি।'

মির্জা আসিফ বেগ এর মত আল্লাহকে ভয়কারী লোকের আজ বড়ই অভাব। তাইতো আমাদের আমল দেখে আজ ইহুদী খ্রিষ্টান মুসলমান হবে তো দূরের কথা, উল্টো মুসলমানই ইহুদী খ্রিষ্টান হয়ে যাচ্ছে। নামধারী মুসলমান তো বহুত আছে। শুধুমাত্র প্রচণ্ড রকমের অভাব প্রকৃত মুসলমানের (আল্লাহকে ভয়কারীর)।
ইন শা আল্লাহ, একদিন সাফীর একাডেমি থেকে মির্জা আসিফ বেগের মতো কুরআন এবং হাদিসের সাফীর তৈরি হবে।



# হেরা গুহার অতিথি

লোকমান হাকিম
শিক্ষক, সাফীর একাডেমি

দুর্গম গিরি মরুপথ পেরি’ উঁচু হেরা পর্বতে
আসিতেছে কোনো মহাজন বুঝি আজি নিশি-রাত্রিতে।
তিনি কে আবার?
তিনি যে আমার বিশ্বনবী সত্যের রাহবার!

যার পথ পানে চেয়ে চেয়ে আজি সুরে সুরে গান গায়
ঝর্ণা পাহাড় স্বাগত জানায় নত শিরে সেজদায়।
উনচল্লিশ পিছু ফেলে যবে চারদশ সনে তিনি
হেরার গুহায় চলো– আসে আসমান ভেদি’ ধ্বনি!

যেথা দিনদিন পদ-পায়ে এসে একাকী গভীর রাতে
হারিয়ে যেতেন আল্লাহর ধ্যানে তারি ডাকে সাড়া দিতে।
যেথা মানুষের মুক্তির কথা সদা তিনি স্মরি’ যায়,
যেথা ছলছল অশ্রুসজল আঁখি তার বয়ে যায়।

যেথা মেজবান প্রভু মেহমান নবী মাঝপথে জিবরীল,
যেথা মেহমানি ছিলো জিবরীল যোগে কুরআন-তানযিল।
এভাবেই সেই গুহায় পান নবুওয়াত-রিসালাত,
যেথায় কালেক অতিথি হতেন কতো দিন কতো রাত!

# সাফীর

তানজিনা শাহনাজ

আমরা রাসূল (সাঃ) সেনা
মহান রবের সাফীর।

আমরা এনে দিতে চাই
আগামী প্রজন্মের তরে
এক মুঠো সোনালি রোদ্দুর।

যে সোনালি আভায় মিথ্যাকে
লুকিয়ে সত্য ছড়িয়ে যাবে দিগ্বিদিক,
সকল ভ্রান্তি মুছে দিয়ে
আশরাফুল মাখলূকাত হবে সত্য-মানবিক।

দৃঢ় চিত্তে মোরা হতে চাই হযরত আবু বকর (রা.),
বিচক্ষণতায় হযরত উমর (রা.),
হযরত উসমানের (রা.) উদারতা নিয়ে,
সরলতায় সাইফুল্লাহ হযরত আলী (রা.)।

আমরা রাসূল (সাঃ) সেনা
মহান রবের সাফীর।

সক্রেটিস হবো মোরা
হ্যাঁ-না শিখাতে,
মির্জা গালিব হবো মোরা
চেতনার অভিঘাতে।

উদয় ও অস্তের ক্লান্তি ভুলে
আমাদের যাত্রা অনন্তকালের...
জেগে উঠো সাথী হও মোদের
জয়ী হও জয়গানে ইসলামের।

আমরা রাসূল (সাঃ) সেনা
মহান রবের সাফীর।

# প্রার্থনা

লিমা খান

সকল প্রশংসা মহান আল্লাহ তা'আলার,
আসমান জমিনের মালিকানা হাতে যার ।
কৃতজ্ঞতা জানাই আমি সেই পবিত্র সত্ত্বার,
দিচ্ছেন যিনি হরহামেশা রিযিক আমার।
শোকর গুজার করি সেই মহান রবের,
শত বিপদাপদেও যিনি শক্তি দিয়েছেন মোরে,
দ্বীনের ওপর অটল অবিচল থাকার।

হে আল্লাহ!

আমি যদি তোমায় ভুলে যাই কবু,
স্মরণ করিয়ে দিও আমায়।
গুনাহ যদি কোনো দিন করে ফেলি ভুলে
তবু, ক্ষমা করিও আমায় সেই পাপ থেকে ফিরিয়ে এনে।
চাই না আমি মুখাপেক্ষী হতে তুমি ছাড়া কারো,
আমৃত্যু রাখো আমায় তোমার দ্বারে শুধু।
সাহায্য চাই না আমি কারো কাছে,
চাই শুধু তোমারই কাছে।

হে আমার রব!

করো না আমায় নিরাশ তুমি
দিও আমায় আশার আলো।
পদস্খলিত হয়ে গেলে,
সৎ পথ দিও।

হে প্রভু!

আশ্রয় প্রার্থনা করছি আমি বিতাড়িত শয়তান থেকে,
আশ্রয় প্রার্থনা করছি আমি বিবেকহীন মানুষ থেকে।
আমি যখন অনুতপ্ত হয়ে কাঁদি বারে বারে,
মাফ করিও তুমি আমায় ভালবাসা দিয়ে।

হে হায়াত-মওতের মালিক!

তোমার রহমতের ছায়ায় আমাকে বাঁচিয়ে রেখো,
মৃত্যুর সময় এলে ঈমানের সাথে মওত দিও।
কিয়ামত দিবসে ক্ষমা করো আমায়,
তোমার নবীর উসিলায়।
জান্নাতুল ফেরদৌস দিও আমায়,
তোমার রহমতের ঝরনা ধারায়।

# স্নিগ্ধ ভালবাসা

মোঃ ফরহাদ আলম

হয়তোবা-
অশ্রু দিয়ে বলে দিতে হবে,
সদ্য ফোটা কমলটিকে।
হাজারো কষ্টে যাকে এঁকেছিলাম,
ছেঁড়া কাগজের এক কোণোতে।

কত দহনে জ্বলবে আমার,
হৃদয় মধ্যখান।
তুমিই আমাকে দুঃখ দিয়েছ,
জানিয়ে অবসান।

ভীতু হয়ে আমি হাটবো পিছু পিছু,
না পেলে তোমায়,
আজীবন আমি রয়ে যাব তোমার,
স্নিগ্ধ ভালবাসায়।

# كتابات الطلبة
# Students Writings

# Bangladesh



Zain Huda Abdullah
Year 6
Safeer Academy

Bangladesh, officially known as the People's Republic of Bangladesh, is a vibrant country located in South Asia. With a population of over 166 million people, it is the eighth most populous country in the world. Despite its small size, Bangladesh is rich in natural beauty, and a resilient spirit that has helped the nation overcome numerous challenges.

One of the defining features of Bangladesh is its geography. It is situated in the delta region of the Ganges and Brahmaputra rivers, . However this geographical characteristic has also endowed the country with fertile soil, which has made agriculture the backbone of its economy. Bangladesh is renowned for its production of rice, jute, tea, and various fruits. The Sundarbans, the world's largest mangrove forest and a UNESCO World Heritage Site,

Bangladesh gained independence from Pakistan at 1971. It now has a GDP of 469.3 billion dollars. It's 147570 square km.

The cultural diversity of Bangladesh is another remarkable aspect. The country is home to people of various religions, including Islam, Hinduism, Buddhism, and Christianity. The main religion in Bangladesh is Islam 90% of it religion is Islam,which is a great pleasure for Muslims. Bengali, the official language, is widely spoken, and the works of Nobel laureate Rabindranath Tagore and other prominent Bengali writers have gained international recognition.

Bangladesh has also made significant progress in the field of garments and textiles, becoming a major exporter in the global market. It's the top 3 country for exporting textile. The ready-made garment industry is a vital source of employment and foreign exchange earnings for the country.

In conclusion, Bangladesh is a country that has shown remarkable resilience and progress despite facing numerous challenges. Its rich cultural heritage, natural beauty, and economic development make it a fascinating nation. As Bangladesh continues to strive for further development and overcome its challenges, it remains a testament to the indomitable spirit of its people.

# My feelings about the competitions at Safeer Academy

Sumaiya Tasnim

Class: year 5
Safeer Academy

Assalamualaikum.

I am Sumaiya Tasnim and this story is not only from me , it's from me and my friends of year 5 (female). In this story I will describe my feelings about the competition which was held from 17/7/2023 to 20/7/2023.

First , when we heard that we will have three competitions in one week , we were surprised and scared too . But our class teachers, Ustadha Najiha and Ustadha Kulsum, they both encouraged us and then we found our courage in our hearts. First on 17/7/2023 & 18/7/2023 we had our first three round which was English Spelling Bee :

1)Written round.
2)Verbal round.
3)Buzzer round.

Then on 19/7/2023 we had our 2nd competition which was the Quranic Arabic Olympiad.
Then finally, on 20/7/2023 we had our last competition for this week , which was Sunnah Olympiad .

One after another competition we realised , it was not as scary as we thought before and for the competition we could learn so many things. After all , Ustadha Najiha and Ustadha Kulsum told us " My Year 5 girls are the best competitors .

# The King and the Monkey

Homaira Afifa Tasnin
Year: 4
Safeer Academy

Once upon a time, there was a King. He had a friend monkey, and the King liked the monkey so much. The monkey helped the King with his work. One summer noon, the King was sleeping. As it was a hot day, the monkey was looking after him.

In the meantime, a housefly came and sat on the King's nose. The monkey drove it off. The housefly sat again. At last, the monkey was very angry. When he sat again, the monkey Picked up and struck the housefly, but the housefly was too quick to be killed. It flew away, and the king's nose was cute.

# আল্লাহ

আব্দুল জাওয়াদ
চতুর্থ শ্রেণি
সাফীর একাডেমি



মহাবৈজ্ঞানিক তুমি আল্লাহ, সৃষ্টি করেছ মোরে।
লক্ষ সালাম জানাই তাই আমি বারে বারে
চন্দ্র সূর্য ঘুরছে সদা, দিবানিশা ভোর।
গ্রহ তারায় শোভা দেখি, আকাশ মাথার ওপর
হাত-পা, চোখ-নাক সবই তোমার দান।
অন্তর থেকে উঠে কথা শ্রুতির লাগি কান
যে মাটিতে ফসল ফলে অম্ল-তিক্ত ঝাল।
সেই মাটিরই উপাদান সাদা-বেগুনি লাল
মায়ের পেটে জন্মে শিশু জলের পেটে মাছ।
ভূমির পেটে কত সম্পদ, লাখো রকম গাছ ।



# কুরআন

এস এম আবরার রশীদ সামীন
চতুর্থ শ্রেণি
সাফীর একাডেমি

এ জীবন বয়ে চলে কুরআনের সুরে,
ভোরগুলো হেসে উঠে ভরে উঠে নূরে।

মায়াঝরা এই সুর বাতাসের নায়ে,
গুনগুন শোনা যায় রোজ রোজ গাঁয়ে।

ভোরবেলা ফুলে যেন সেই ছোঁয়া-হাসি,
সুর-ছোঁয়া নূর-ছোয়া সুখ রাশি রাশি।

কুরআনের পাখি সব সেই বাণী টেনে,
জেগে উঠা পৃথিবীকে আলো দেয় এনে।


কুরআনের আলো এলে জ্বলে এই ধরা,
পৃথিবীর বুকে আঁকে স্বর্গীয় ছড়া।

# رسومات الطلاب
# Students' Drawings

Mahir Sifat
Year-5



Kazi Azharul Islam
Year-3




Ismayee Karim Fayha
Year-2




Sawda Bhuiyan




dream house

Tahia Towhid
Year-4



Mehmet Al Zaheen
Year-1



Esrafil
Reception



Aiyyad Mahmud
Reception





Rumaisa Jinan Manha
Year 4

